

## নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

আরকামের গৃহে প্রচার কেন্দ্র (ادار الأرقم دار الدعوة)

মুসলমানগণ পাহাড়ের পাদদেশে ও বিভিন্ন গোপন স্থানে মিলিত হয়ে জাম'আতের সাথে ছালাত আদায় করতেন এবং দ্বীনের তা'লীম নিতেন। একদিন কতিপয় মুশরিক এটা দেখে ফেলে এবং মুসলমানদের অশ্রাব্য ভাষায় গালি দিতে দিতে তাদের উপরে ঝাঁপিয়ে পড়ে। তখন হযরত সা'দ বিন আবু ওয়াককাছ (রাঃ) তাদের একজনকে উটের চোয়ালের শুকনো হাডিড দিয়ে মেরে রক্তাক্ত করেন। ফলে তারা পালিয়ে যায়। এটিই ছিল ইসলামের জন্য প্রথম রক্ত প্রবাহিত করার ঘটনা'। চতুর্থ নববী বর্ষে এটি ঘটেছিল।[1]

এই ঘটনার পরে ৫ম নববী বর্ষে আল্লাহর রাসূল (ছাঃ) আরক্কাম বিন আবুল আরক্কাম আল-মাখযূমীর বাড়িটিকে প্রশিক্ষণ ও প্রচার কেন্দ্র হিসাবে বেছে নেন। বাড়িটি ছিল ছাফা পাহাড়ের উপরে। যা ছিল অপেক্ষাকৃত নিরাপদ এবং মুশরিকদের দৃষ্টির আড়ালে।[2] কাফের নেতাদের সম্মেলনস্থল 'দারুন নাদওয়া' থেকে এটা ছিল সম্পূর্ণ ভিন্ন স্থানে। যদিও আল্লাহর রাসূল (ছাঃ) নিজে সর্বদা প্রকাশ্যে ছালাত আদায় করতেন।

## ফুটনোট

[1]. ইবনু হিশাম ১/২৬২-৬৩; আল-বিদায়াহ ৩/৩৭; আর-রাহীক ৯১ পৃঃ; আল-ইছাবাহ, সা'দ বিন আবু ওয়াক্কাছ ক্রমিক ৩১৯৬। ইবনু হিশামে বলা হয়েছে যে, তিনি হামলাকারী কাফেরকে لَحْي بَعِيرِ দারা আঘাত করেন। ভাষ্যকার সুহায়লী তার ব্যাখ্যা করেছেন, اللحى: الْعظم الّذي على الْفَخْذ (ইবনু হিশাম ১/২৬৩ টীকা-৪)। কিন্তু এই ব্যাখ্যা সঠিক নয়। বরং সঠিক অর্থ হবে যা সীরাহ হালাবিইয়াহ-তে করা হয়েছে, المسنان অর্থাৎ চোয়ালের হাডিড। যাতে দাঁত সমূহ উদ্গাত হয়' (সীরাহ হালাবিইয়াহ ১/৪৮৩)।

[2]. ইবনু হিশাম ১/২৫৩ টীকা-১; আল-বিদায়াহ ৫/৩৪১; আর-রাহীক ৯২ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5256

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন